

তুই লুকবি কোথায় মা কালী!  
আমার বিশ্বভুবন আঁধার করে  
তোর রূপে মা সব ডুবালি ॥  
আমার সুখের গৃহ শ্মশান করে  
বেড়াস মা তায় আগুন জ্বালি;  
আমায় দুখ দেওয়ার ছলে মা তোর  
ভুবন-ভরা রূপ দেখালি  
আমি পূজা করে পাইনি তোরে  
এবার চোখের জলে এলি,  
আমার বৃকের ব্যথায় আসন পাতা  
বস মা আমার রাজদুলালী।